# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৭৭

১/ বিবিধ

---

আরবী

إني كنت أعلمها (أي: ساعة الإجابة يوم الجمعة) ثم أنسيتها كما أنسيت ليلة القدر
ضعيف

أخرجه ابن خزيمة (1771) والحاكم (1/279) عن فليح بن سليمان عن سعيد بن الحارث عن أبي سلمة قال: قلت: والله لوجئت أبا سعيد الخدري فسألته عن هذه الساعة، لعله يكون عنده منها علم، فأتيته، فقلت: يا أبا سعيد إن أبا هريرة حدثنا عن الساعة التي في يوم الجمعة، فهل عندك منها علم؟ فقال: سألنا النبي صلى الله عليه وسلم فقال: فذكره. قال: ثم خرجت من عنده فدخلت على عبد الله بن سلام. ثم ذكر الحديث
قلت: كذا ذكره ابن خزيمة والحاكم وقال
" صحيح على شرط الشيخين ". ووافقه الذهبي
قلت: وفي صحته نظر فإن فليحا هذا وإن كان من رجال الشيخين ففيه كلام كثير وقال الحافظ في التقريب
" صدوق كثير الخطأ "، وكأنه لهذا سكت عن إسناده في " الفتح " (2/333) ولم يصححه، وكذلك لم يصححه الحافظ العراقي، وإنما قال: " ورجاله رجال الصحيح " كما نقله الشوكاني (3/209) ، وهذا لا يستلزم التصحيح، بل فيه إشارة إلى نفيه، وإلا لصرح بصحة سنده، ولم يقتصر على ذكر شرط واحد من شروط الصحة وهو

كون رجاله رجال الصحيح، وفيه إشارة لطيفة إلى أنهم أوبعضهم قد لا يكونون من الثقات عند غير صاحبي " الصحيح "، أوعلى الأقل عند بعضهم وإلا لقال رجاله ثقات رجال الصحيح "، وهذا هو الواقع كما تفيده عبارة الحافظ في التقريب " في " فليح "، وقد مرت آنفا، وممن ضعفه من القدامي ابن معين وأبو حاتم والنسائي وغيرهم. وقال الساجي

هو من أهل الصدق، ويهم

قلت: فمثله لا يطمئن القلب لصحة حديثه عند التفرد، فكيف عند المخالفة؟

تنبيه: عزا الحديث في " الفتح الكبير " لابن ماجه وابن خزيمة والحاكم والبيهقي في " الشعب ". ولم أره عند ابن ماجه بهذا الإسناد والسياق وإنما عنده (1139) من طريق أخرى عن أبي سلمة عن عبد الله بن سلام قال: قلت ورسول الله صلى الله عليه وسلم جالس: إنا لنجد في كتاب الله: في يوم الجمعة ساعة لا يوافقها عبد مؤمن يصلي سأل الله فيها شيئا إلا قضى له حاجته. قال عبد الله: فأشار إلي رسول الله صلى الله عليه وسلم: أوبعض ساعة فقلت: صدقت أوبعض ساعة.. الحديث. فهذا خلاف حديث الترجمة، وهو المحفوظ عنه صلى الله عليه وسلم في غير ما حديث عنه فراجع إن شئت " المشكاة " وغيره

বাংলা

১১৭৭। আমি সে সময়টি (অর্থাৎ জুম'আর দিবসে দু'আ গ্রহণযোগ্য হওয়ার সময়টি) সম্পর্কে জানতাম। অতঃপর আমাকে সে সময়টি ভুলিয়ে দেয়া হয়েছে যেরূপ আমাকে কদরের রাত নির্দিষ্ট করণকে ভুলিয়ে দেয়া হয়েছে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইবনু খুযায়মাহ (১৭৭১) ও হাকিম (১/২৭৯) ফুলায়হ ইবনু সুলাইমান সূত্রে সাঈদ ইবনুল হারেস হতে, তিনি আবু সালামাহ্ (রাঃ) হতে বর্ণনা করেছেন। হাকিম বলেনঃ হাদীসটি শাইখায়নের শর্তানুযায়ী সহীহ হাফিয যাহাবীও তার সাথে ঐকমত্য পোষণ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি সহীহ হওয়ার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে। কারণ, ফুলায়হ যদিও বুখারী এবং মুসলিমের বর্ণনাকারী, তার ব্যাপারে বহু সমালোচনা রয়েছে। হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ

তিনি সত্যবাদী, বহু ভুল করতেন। সম্ভবত তিনি এ কারণেই "ফতহুলবারী" গ্রন্থের মধ্যে (২/৩৩৩) তার সনদের ব্যাপারে চুপ থেকেছেন, সহীহ আখ্যা দেননি। হাফিয ইরাকীও সহীহ আখ্যা দেননি। বরং তিনি বলেছেনঃ তার বর্ণনাকারীগণ সহীহ বর্ণনাকারী। যেমনটি শাওকানী (৩/২০৯) উল্লেখ করেছেন। আর এরূপ কথা সহীহ হওয়াকে অপরিহার্য করে না। বরং এর মধ্যে সহীহ না হওয়ারই ইঙ্গিত বহন করে, অন্যথায় তিনি স্পষ্টভাবে বলতেন যে, তার সনদটি সহীহ।

তাকে ইবনু মাঈন, আবু হাতিম ও নাসাঈ প্রমুখও দুর্বল আখ্যা দিয়েছেন। সাজী বলেনঃ তিনি সত্যবাদী, তবে সন্দেহ পোষণ করতেন।

আমি (আলবানী) বলছিঃ তার ন্যায় ব্যক্তি এককভাবে হাদীস বর্ণনা করলে তার হাদীস সহীহ হওয়াকে হৃদয় সমর্থন করে না। অতএব যখন তার বিরোধিতা করে সহীহ হাদীস বর্ণিত হবে তখন তা কীভাবে সমর্থনযোগ্য হবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72056

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন